গাংনীতে শেখ হাসিনার জন্মদিন পালিত

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও প্রধামন্ত্রী শেখ হাসিনার ৭৪তম পালন করছে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টার দিকে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য দিয়ে কর্মসুচীর উদ্বোধন ঘোষণা করেন। এসময় কেক কাটা, আলোচনা সভা ও দো’আ মোনাজাতে শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করা হয়।

অনুষ্ঠানে সভপতিত্ব করেন গাংনী উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম, আওয়ামী লীগ নেতা নবীর উদ্দীন ও ইউপি চেয়ারম্যানবৃন্দসহ স্থানীয় নেতৃবৃন্দ।

গাংনীর পৌর পশু জবাই খানার উদ্বোধন

গাংনী পৌর পশু জবাই খানার উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে গাংনী কাঁচা বাজার এলাকায় পৌর পশু জবাই খানার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী ৬ নং ওয়ার্ড কাউন্সিলর প্যানেল মেয়র নবীর উদ্দীন, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর বদরুল আলম বুদু, পৌরসভার সচিব শামীম রেজা ও সাংবাদিক মাজেদুল হক মানিকসহ বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে খাদিজা-আশরাফ ফাউন্ডেশনের অনুদান প্রদান

মেহেরপুরের গাংনীর খাদিজা-আশরাফ ফাউন্ডেশনের ব্যক্তিগত তহবীল থেকে পৌর এলাকার মসজিদ, মাদ্রাসার ও ঈদগাহর উন্নয়নে ৯০ হাজার টাকা অনুদান প্রদান করেছেন সংগঠনের পরিচালক গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম। গতকাল রবিবার রাতে বিভিন্ন সময়ে প্রতিষ্ঠান গুলোর প্রধানদের হাতে এ নগদ অর্থ তুলে দেন তিনি।

প্রথমে ৭ নং ওয়ার্ডের মাদ্রাসা পাড়ার জামে মসজিদ দুইতলা ভবন নির্মাণ উন্নয়ন কাজে ৫০ হাজার টাকা নির্মাণ কমিটির নেতা হাজি মহাসিন আলী ও আজগর আলীর হাতে তুলে দেন।

সংগঠনের পরিচালক গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম। এরপর বাঁশবাড়িয়া দক্ষিণপাড়া জামে মসজিদের প্রধান ফটক নির্মাণে ৩০ হাজার টাকা কমিটির নেতৃবৃন্দের হাতে তুলে দেন। এছাড়াও গাংনী উত্তরপাড়া খানকা শরীফের প্রধান ফটক নির্মাণ উন্নয়ন কাজে ১০ হাজার টাকা নগদ প্রদান করা হয়।

গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, খাদিজা-আশরাফ ফাউন্ডেশনের মাধ্যমে আমরা পৌর এলাকার বিভিন্ন অসহায় দুস্থ মানুষকে আর্থিক সহায়তা করে থাকি। এছাড়াও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানেও সহযোগিতা করে থাকি। তারই ধারাবাহিকতায় এ অনুদান।

গাংনীর বামন্দী-বালিয়াঘাট সড়কে

যান চলাচল বন্ধ

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী-বালিয়াঘাট সড়ক দীর্ঘ এক যুগেও সংস্কার না হওয়ায় সড়কে যান চলাচল বন্ধ হয়ে গেছে।

এ কারণে ঐ অঞ্চলের লক্ষাধিক মানুষ চরম বিপাকে পড়েছে। দ্রত সময়ের মধ্যে সংস্কার করে আবারও চলাচলে উপযোগী করে তোলার দাবি এলাকাবাসির।

জানা গেছে, প্রায় দুই বছর পূর্বে ১ কোটি ৫ লাখ টাকা ব্যয়ে বামন্দী কাজিপুর সড়কের টেন্ডার পায় চুয়াডাঙ্গা জেলার জীবননগর এলাকার মেসার্স জাকাউল্লাহ এন্ড ব্রাদার্স।

এলজিইডি কর্তৃপক্ষ কার্যাদেশ দিতে গড়িমশি করার কারণে ঠিকাদার জাকাউল্লাহ হাইকোর্টে মামলা দায়ের করেন। মামলায় ঠিকাদারের পক্ষে থাকলেও এলজিইডি কর্তৃপক্ষ আপিল করার কারণে মামলাটি ঝুলে রয়েছে বলে দাবি ঠিকাদারি প্রতিষ্ঠানের।

স্থানীয়রা জানান, বামন্দী-বালিয়াঘাট সড়কে সব ধরনের গাড়ী চলাচল বন্ধ রয়েছে। একারণে কৃষকরা তাদের উৎপাদিত পণ্য বাজারে নিতে পারছেনা। কাজিপুর বালিয়াঘাট অঞ্চলের লাখো মানুষকে দেবিপুর হয়ে বামন্দী সহ বিভিন্ন জেলায় যাতায়াত করতে হচ্ছে। একদিকে সময় নষ্ট হচ্ছে অপরদিকে বাড়তি ভাড়াও গুনতে হচ্ছে সাধারণ মানুষকে।

কয়েকজন অটোবাইক চালক জানান, বামন্দী-বালিয়াঘাট সড়কে সব ধরনের গাড়ী চলাচল বন্ধ থাকায় তারা সংসার পরিজন নিয়ে কষ্টে আছেন। তাই দ্রত সময়ের মধ্যে সড়ক পূর্ণ নির্মাণের দাবি করেন তারা।

স্থানীয় ইউপি সদস্য আসাদুল ইসলাম জানান, বামন্দী-বালিয়াঘাট সড়কে চলতে গিয়ে গত দু মাসে অন্তত শতাধিক দূর্ঘটনা ঘটেছে। দূর্ঘটনায় পঙ্গুত্ব বরণ করেছে অন্তত ৫০ জন। জন প্রতিনিধি হয়ে জনগণের কষ্ট দাঁড়িয়ে দেখা ছাড়া কোন উপায় নেই। তিনি সাময়িক ভাবে চলাচলের জন্য ইটবালি দিয়ে উপযোগি করে গড়ে তোলার দাবি করেন।

বামন্দী ইউপি চেয়ারম্যাম শহিদুল ইসলাম বিশ্বাসের সাথে এ বিষয়ে কথা বলতে গেলে তার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেননি।

গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ শেখ জানান, মামলাটি দ্রুত

নিস্পত্তি করে সড়ক সংস্কারের চেষ্টা চলছে। আসা করা যাচ্ছে আগামী দু এক মাসের মধ্যে কাজ শুরু করা হবে। এ বিষয়ে মেহেরপুরের নির্বাহী প্রকৌশলী মো: আছাদুজ্জামানের সরকারি মোবাইল ফোনে কল দেয়া হলে তিনি রিসিভ করেনি।

মামলার বাদী ঠিকাদার জাকাউল্লাহ জানান, চলতি মাসের ৩০ তারিখে মামলার দিন ধার্য আছে। ধার্য তারিখে মামলাটি নিস্পত্তি করার চেষ্টা করা হবে।

সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান জানান, ঠিকাদার ও এলজিইডি কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হয়েছে। আশা করছি চলতি মাসের ৩০ তারিখে মামলার সমাধান হবে। সমাধান হওয়া মাত্রই কাজ শুরু করা হবে।

গাংনীর করমদিতে ইসলামী ব্যাংক এর এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের করমদি বাজারে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন করা হয়েছে।

রোববার বেলা ১১ টার দিকে একযোগে জুম কনফারেন্সের মাধ্যমে সারাদেশে মোট ৮৪টি শাখার উদ্বোধন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় করমদি বাজারে সপ্তম ইউনিট পর্যায়ে ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর মোশাররফ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও মাহবুব উল আলম।

তিনি জুম অ্যাপের মাধ্যমে একযোগে ৮৪টি এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন করেন।

এ সময় করমদি এজেন্ট ব্যাংকিং ব্যবস্থাপক জাহাঙ্গীর আলম, এজেন্ট প্রতিনিধি ফিরোজ জাহাঙ্গীর, সাবেক তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন চেয়ারম্যান রেজাউল হক, জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলীসহ

এলাকার বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীর তেতুলবাড়িয়া মাঠ থেকে কৃষকের মরদেহ উদ্ধার

গাংনীর হিন্দা তেতুলবাড়িয়া মধ্যবর্তী মাঠ থেকে লিটন (৩৮) নামের এক কৃষকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার রাত ১০ টার দিকে কৃষকের মরদেহ উদ্ধার করা হয়।

লিটন গাংনী উপজেলার তেতুলবাড়িয়া গ্রামের শিলাল পাড়ার গোলাম মস্তফার ছেলে।

স্থানীয় এবং পুলিশ সূত্রে জানাগেছে, লিটন শনিবার বিকালে বাড়ি থেকে মাছ ধরার উদ্দেশ্যে বের হন। রাত হলেও বাড়ি ফিরে না যাওয়ায় পরিবারের লোকজন অনেক খোঁজা খুঁজি করেন। অবশেষে মাঠে লিটনের মরদেহ দেখে পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে গাংনী থানার ওসি (তদন্ত) সহ থানা পুলিশের সদস্যরা ঘটনা স্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেন। তবে ওই সময় প্রচুর মেঘ বৃষ্টি হচ্ছিল। বজ্রপাতে লিটন কোনো এক সময় মারা গেছে বলে ধারনা পুলিশ ও স্থানীয়দের।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, বিষয়টি আমি শুনেছি ঘটনা স্থলে গিয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। বজ্রপাতে নিহত হতে পারে বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে।

গাংনীর কাথুলীতে ‘একটু পাশে দাঁড়াই’ সংগঠনের বৃক্ষরোপণ

শনিবার বিকেল ৫ টার সময় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের কুতুবপুর স্কুল এন্ড কলেজে বৃক্ষ রোপণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আসুন সবাই গাছ লাগাই নতুন রঙে পৃথিবী সাজাই এই স্লোগান কে সামনে রেখে একটু পাশে দাঁড়াই সংগঠন গাংনী উপজেলা ব্যাপী বৃক্ষ রোপণ কর্মসূচি পালন করেছে।
উপস্থিত ছিলেন দেলোয়ার হসেন, জিনারুল ইসলাম, সুজন বকুল, তাজলু, হাকিম সহ সংগঠনের বিভিন্ন সদস্য বৃন্দ।

এ বিষয়ে একটু পাশে দাঁড়ায় সংগঠনের সদস্যরা জানান মুজিব বর্ষ উপলক্ষ্যে গাংনী উপজেলা ব্যাপী আমরা বৃক্ষ রোপণ কর্মসূচি চলমান রেখেছি। সেই ধারাবাহিকতায় কাথুলীর গাড়াবাড়ীয়াতে কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও কবর স্থানে বৃক্ষ রোপণ করা হলো।

গাংনীতে অন্যের জমিতে মসজিদ কমিটির বৃক্ষরোপণ

মেহেরপুরের গাংনী উপজেলায় জোর করে আল আমিন নামের এক ব্যক্তির জমিতে বৃক্ষরোপণ করে জমি দখলের অভিযোগ উঠেছে স্থানীয় মসজিদ কমিটির উপর। গত ২৫ সেপ্টেম্বর কৃষকলীগ নেতাদের নিয়ে বৃক্ষরোপণ করা হয়। গাংনী উপজেলা ধানখোলা ইউনিয়নের কচুইখালি গ্রামে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী আল আমিন এ বিষয়ে বলেন, গত ২৫ সেপ্টেম্বর স্থনীয় নেতা খোকন মসজিদ কমিটির লোকজন ও কৃষকলীগ নেতাদের নিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। এ সময় মসজিদের ক্রয়কৃত ৫ কাঠা জমিতে বৃক্ষরোপণ না করে রাস্তার পাশ দিয়ে লম্বা করে বেড়া দিয়ে গাছ লাগায়। এমতাবস্থায় আমি আমার জমিতে প্রবেশ করতে পারছি না।

প্রায় ১শ বছর ধরে রাস্তার পাশের ঐ জমি আমাদের দখলে ছিল। তারপরেই আমাদের জমি নামে জমি আছে। আমার ভায়ের ছেলে-মেয়ে পিয়াস ও লিমা মসজিদের কাছে আড়াআড়ি ৫ কাঠা জমি বিক্রি করে। কিন্তু সেই জমিতে গাছ না লাগিয়ে জোর করে আমার জমির সামনের অংশেও তারা গাছ লাগিয়েছে। স্থানীয় কিছু নেতার ইন্ধন থাকায় আমরা কিছু বলতে পারছিনা।

ভুক্তভোগীর ভাতিজা জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাড. জুয়েল এ বিষয়ে বলেন, কৃষকলীগ নেতাদের দিয়ে জোর করে জমি দখল করেছে। রাস্তার পাশের জমি হওয়ায় ঐ জমি হাতিয়ে নেওয়ার জন্যই এই কাজ করেছে তারা। এর সুষ্ঠ বিচার দাব করছি।

এ বিষয়ে জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বলেন, গত ২৫ তারিখে যে স্থানে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছি সেটা মসজিদের জায়গা। ঐ জমির যথাযত কাগজ মসজিদ কমিটির কাছে আছে।

গাংনী ধানখোলা ইউনিয়ন পরিষদে সদস্য পদে ৫ প্রার্থীর মনোনয়ন পত্র দাখিল

মেহেরপুরের গাংনীর ধানখোলা ইউনিয়নের ২ নং ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচনে ৫ প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছে। এরা হচ্ছে-জুগিন্দা গ্রামের খোদা বক্সের ছেলে আলাউদ্দিন, একই গ্রামের মরহুম জাফর আলীর ছেলে জাকির হোসেন, মরহুম খোদা বক্সের ছেলে সালাউদ্দিন, মফিজুল ইসলামের ছেলে জাহিদুল ইসলাম ও শাহাজাদ আলী শাহ’র ছেলে মফিজুল ইসলাম।

উপ-নির্বাচন অনুষ্ঠিত হওয়ার যাবতীয় কার্যক্রম শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় তপশীল ঘোষনা ও মনোনয়ন পত্র বিক্রী শুরু করেছে উপজেলা নির্বাচন অফিস।
বুধবার বিকেল ৫ টা পর্যন্ত মনোনয়ন পত্র দাখিলের শেষ সময়। নির্ধারিত সময়ের মধ্যে ৫টি মনোনয়ন পত্র জমা হয়েছে।

চলতি মাসের ২৬ তারিখ বেলা ১১ টার সময় মনোনয়ন পত্র যাচাই-বাছাইয়ের দিন তারিখ নির্ধারণ করা হয়েছে।

আগামী ২০ অক্টোবর ভোট গ্রহণের যাবতীয় কার্যক্রম শুরু হয়েছে। সকল নিয়ম-কানুন মেনেই উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে বলে উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ জানিয়েছেন।

উল্লেখ্যঃ গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়ন পরিষদের ২ ন¤^র ওয়ার্ডের সদস্য জাফর আলী অসুস্থ্যজনিত কারণে মৃত‚ বরণ করলে উক্ত ওয়ার্ডের ইউপি সদস্যপদটি শুন্য হয়।

গাংনীতে মৎস্য অফিসের উদ্যোগে পোনা মাছ অবমুক্তকরণ

মেহেরপুরের গাংনীতে বিভিন্ন প্রাতিষ্ঠানিক পুকুর/ উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে গাংনী মৎস্য অফিসের উদ্যোগে মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় ২০২০-২১ অর্থ বছরে এ পোনা মাছ অবমুক্ত করা হয়।

উপজেলা মৎস্য অফিসার রবিউল ইসলাম (অঃ দাঃ) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পোনা মাছ অবমুক্তকরণের উদ্বোধন করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া, সহকারী কমিশনার (ভ‚মি) নুর ই আলম সিদ্দিকী উপস্থিত ছিলেন।